

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার  
(রাজস্ব শাখা)  
www.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০০৯.৩৬.০০১.২০২০-৩ ৬০

তারিখ : ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

মৌলভীবাজার জেলার সিলিকা বালু কোয়ারিসমূহ ১৪২৮-১৪২৯ বাংলা সন মেয়াদে ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি।

“বিজ্ঞপ্তি নং ০১/১৪২৮ বাংলা”  
(ইজারায়োগ্য সিলিকা বালু কোয়ারিসমূহের তালিকা পরিশিষ্ট ‘ক’)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার সিলিকা বালু কোয়ারিসমূহ (পরিশিষ্ট “ক” মোতাবেক) আগামী দুই বছরের জন্য ১৪২৮ বাংলা সনের বৈশাখ মাস হতে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলির অধীনে আত্মসি ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত দিনপঞ্জি মোতাবেক নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দিনপঞ্জি

দরপত্রের পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ	দরপত্র গ্রহণের তারিখ	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
১ম	১৭/০২/২০২১ (সং ৯.০০ টা হতে বিঃ ৫.০০টা)	১৮/০২/২০২১ (সং ৯.০০ টা হতে বিঃ ৫.০০টা)	১৮/০২/২০২১ বিকাল ০৩.৩০ টায়।
২য়	১৫/০৩/২০২১ (সং ৯.০০ টা হতে বিঃ ৫.০০টা)	১৬/০৩/২০২১ (সং ৯.০০টা হতে বিঃ ৫.০০টা)	১৬/০৩/২০২১ বিকাল ০৩.৩০ টায়।
৩য়	৩০/০৩/২০২১ (সং ৯.০০টা হতে বিঃ ৫.০০টা)	৩১/০৩/২০২১ (সং ৯.০০টা হতে বিঃ ৫.০০টা)	৩১/০৩/২০২১ বিকাল ০৩.৩০ টায়।
৪র্থ	১২/০৪/২০২১ (সং ৯.০০টা হতে বিঃ ৫.০০টা)	১৩/০৪/২০২১ (সং ৯.০০টা হতে বিঃ ৫.০০টা)	১৩/০৪/২০২১ বিকাল ০৩.৩০ টায়।

শর্তাবলি

০১. বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি বাবদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা এর অনুকূলে কোড নং-১/৪২৪১/০০০০/২৬৮১-তে ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানোর মূলকপি দাখিল সাপেক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে আবেদন ফরম ক্রয় করা যাবে। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র ফরম (সিডিউল) অন্য দফায় দরপত্র ফরম হিসেবে ব্যবহার করা যাবে না।
০২. প্রতিটি সিলিকা বালু কোয়ারির জন্য পৃথক পৃথক দরপত্র সিলমোহরকৃত খামে এ কার্যালয়ের রাজস্ব শাখায় রক্ষিত দরপত্র বাস্তব নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক দাখিল করতে হবে। খামের উপরে বিবেচ্য সিলিকা বালু কোয়ারির নাম স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। আবেদনের সাথে সংশ্লিষ্ট সিলিকাবালু কোয়ারির স্কেচম্যাপ/মৌজা ম্যাপ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহক্রমে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, ইজারাদারকে অবশ্যই ০২(দুই) খাম পদ্ধতিতে দরপত্র জমা প্রদান করতে হবে। দরদাতা ০১(এক)টি খামে Environmental Impact Assessment (EIA) & Environmental Management (EMP) এবং অন্য খামে ইজারামূল্য দাখিল করতে হবে। (EIA) & (EMP) যথাযথ কর্তৃপক্ষের নিকট বিবেচিত হলে রেস্পন্সিভ বিবেচনায় আর্থিক দরপ্রস্তাব খোলা হবে এবং পরিবেশগত সমীক্ষা ছাড়া কোন সিলিকা কোয়ারি ইজারা প্রদান করা যাবে না।
০৩. দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), আয়কর ও ভ্যাট প্রদানের সনদ, ট্রেড লাইসেন্স এবং যে কোন তফসিল ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদপত্রের কপি (সত্যায়িত) দাখিল করতে হবে।
০৪. দরপত্র দাখিলের সময় সিলিকা বালু কোয়ারির বিপরীতে উদ্বৃত্ত ইজারামূল্যের ২৫% অর্থ আর্নেস্টম্যানি বাবদ যে কোন তফসিল ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবরে জমা প্রদান করতে হবে। যোগ্য দরদাতা কর্তৃক আর্নেস্টম্যানি বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা এর নির্দেশনামতে ফেরৎ প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ইজারামূল্য জমা প্রদানে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টম্যানি ফেরৎ প্রদান করা হবে।

০৫. যে সকল সিলিকা বালু কোয়ারির উপর সরকার/উচ্চ আদালত/দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল সিলিকা বালু কোয়ারি ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেৱীতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সর্ব আদালতে আইনত অগ্রাহ্য হবে। এতদব্যতীত কোন সিলিকা বালু কোয়ারির কোন দাগের উপর কিংবা সম্পূর্ণ সিলিকা বালু কোয়ারির উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য করা হবে।

০৬. দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাঁটা-ছেড়া অথবা ঘষামাজা কিংবা ফুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭. সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক কোয়ারি ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাকে ইজারামূল্যের অর্থসহ প্রদত্ত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর এককালীন পরিশোধ করতে হবে এবং বিধি অনুযায়ী মহাপরিচালক খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা এর সাথে নিজ দায়িত্বে কোয়ারি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনপূর্বক ব্যুরো হতে ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ দেয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত আর্নেস্টম্যানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং সিলিকা বালু কোয়ারিটি পুনঃইজারা প্রদান করা হবে।

০৮. অনুমোদিত দরদাতা/ইজারাগ্রহীতা কোনক্রমেই কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত ইজারা প্রাপ্ত সিলিকা বালু কোয়ারি অন্যের নিবট সাবলিজ প্রদান করতে পারবেনা। পূর্বানুমতি ব্যতীত সাব-লিজ প্রদান করা হলে ইজারা বাতিলপূর্বক প্রদত্ত আর্নেস্টম্যানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. প্রতি পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট সিলিকা বালু কোয়ারিসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতি পর্যায়ের অ-ইজারাকৃত সিলিকা বালু কোয়ারিসমূহের তালিকা পরবর্তী পর্যায়ে আবেদন ফরম ত্রয়ের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা হতে জানা যাবে।

১০. যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে সিলিকা বালু কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার নিরিখে সিলিকা বালু কোয়ারির তফসিল হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় যে কোন পর্যায়ে এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহ্বান করা হউক না কেন ইজারা মঞ্জুরীর তারিখ হতে **১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সংশ্লিষ্ট সিলিকা বালু কোয়ারির ইজারা মেয়াদ বলবৎ থাকবে।** ইজারা মঞ্জুরী প্রদানে বিলম্ব হয়েছে বা দখল গ্রহণে বিলম্ব হয়েছে, বৃষ্টি না হওয়া, উজান হতে বালু আসেনি, পানি প্রবাহে বাঁধ দেয়া বা বাঁধ না ছাড়ার কারণে কোয়ারি এলাকায় সিলিকা বালু জমা হয়নি এরূপ অজুহাতে ইজারা মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে সর্বাধিকায় অগ্রাহ্য হবে।

১২. ইজারা মঞ্জুরীর ৭(সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারির দখল ইজারাগ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরীর পূর্বে কোয়ারি হতে সিলিকা বালু উত্তোলন করা যাবে না। এরূপ উত্তোলন অবৈধ বলে গণ্য হবে। এছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/আদেশ/নির্দেশ প্রতিপালন করতে হবে। সরকারি নীতিমালা মোতাবেক ও সময়ে সময়ে জারিকৃত বিধি বিধানের আলোকে যে কোন প্রকারের কর, ডিউটি ইত্যাদি প্রদান/পরিশোধ করতে ইজারাগ্রহীতা বাধ্য থাকবেন।

১৩. ভূ-উপরিভাগ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) মিটার গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি ও বুড়ি) পরিকল্পিতভাবে পিট (কুপ/গর্ত) খনন করে সিলিকা বালু উত্তোলন করতে হবে। সিলিকাবালু উত্তোলন শেষে মাটি/বালু দিয়ে পুনরায় খননকৃত পিট (কুপ/গর্ত) ভরাট করে দিতে হবে।

১৪. কোয়ারির অস্তিত্ব রক্ষায় এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বোমা/মেশিন/অন্য যে কোন ধরনের যন্ত্রের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং জনস্বার্থ ক্ষুণ্ণ হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

১৫. ইজারাগ্রহীতা সিলিকা বালু উত্তোলনকালে খননকৃত কুপের ঢাল, পরিসীমা/চৌহদ্দি যথাযথভাবে বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন।

১৬. বালু জমাট করে কোনভাবেই নদীর গতিপথ বন্ধ করা যাবে না। নদীর তীরবর্তী এলাকায় পিট (কুপ/গর্ত) খনন করে সিলিকা বালু উত্তোলনের ক্ষেত্রে নদীর তীর ভাঙ্গন কিংবা নদীর গতিপথ পরিবর্তন হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

১৭. সিলিকা বালু কোয়ারি সংলগ্ন নদীর পাড় বাঁধ ইত্যাদি রক্ষার্থে ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে ডাইভারশন করে বালু উত্তোলন করবেন। কোনক্রমেই বাঁধ/পাড়ের ক্ষতি সাধন করা যাবে না। কোনক্রমেই জনস্বার্থ ও জনস্বার্থ বিঘ্নিত করা যাবে না। রাস্তাঘাট, চা-বাগান এবং জনগুরুত্বপূর্ণ জাতীয় স্থাপনা/স্থাপনাসমূহের কোন ক্ষতিসাধন করা যাবে না এবং সর্বাধিকায় ইহা ইজারা বর্ধিত বলে গণ্য হবে। পরিবেশের ভারসাম্য বিনষ্ট করা যাবে না ও পরিবেশ প্রকৃতির পরিপন্থি কোন কার্যক্রম চালানো যাবেনা।

১৮. সেতু, কালভার্ট, ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা হতে সর্বনিম্ন ১৫০ (একশত পঞ্চাশ) মিটার, বসত বাড়ি, জনপথ, ভবন, বাজার, শিক্ষা স্থাপনা ও কবরস্থান হতে সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) মিটার এবং বৈদ্যুতিক থাম/টাওয়ার, সেতু (দৈর্ঘ্য ৩০ মিটার পর্যন্ত), গ্যাস লাইন (উচ্চ চাপ) হতে ২৫ (পঁচিশ) মিটার দূরত্ব বজায় রেখে কোয়ারি কার্যক্রম পরিচালনা করতে হবে।

১৯. সিলিকা বালু কোয়ারি ইজারাকালীন বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশের কারণে ইজারাদার ক্ষতিগ্রস্ত হলে এর জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

২০. এ দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইট ([www.moulvibazar.gov.bd](http://www.moulvibazar.gov.bd)) ও খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র ওয়েবসাইট ([www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)) অথবা বিএমডি.বাংলা) এ পাওয়া যাবে।

(পরিশিষ্ট-ক)

মৌলভীবাজার জেলার ১৪২৮-১৪২৯ বাংলা সনের ইজারায়োগ্য সিলিকা বালু কোয়ারিসমূহের তালিকা:

উপজেলা: মৌলভীবাজার সদর

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
০১	দেওরা ছড়া	নিতেশ্বর-১৭৭	৭৪২, ৮৯১, ৭৯৭, ৭৪১	১.৯২	১,২৬,০৮২/-
০২	মৌরাছড়া	সাহাপুর-১৯২	৩৩, ৪২৬	৩.১৮	৬০,০০০/-
		মৌলভী চা বাগান-১৯১	৯১৮, ৯৪২		

উপজেলা: শ্রীমঙ্গল

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
০৩	বড় ছড়া	শহরশ্রী-০৬	৩৬৮, ১৪৭, ২৩৮, ৩০২, ৩৯৩, ৩৮০	২.৫৮	৮,০১,৯০০/-
০৪	ইছামতিছড়া	ভিমসি-১৮	৪০৮, ৪৪০, ৪৪৩, ৭৯৪, ১৩৮১, ১৪১১	১.৪৭	১,৭৬,২২০/-
০৫	জৈতাছড়া	শাসন-২৪	১৩, ১২১৭, ১২৫৬, ১৬৮১, ১২০১	৩.০১	১,২৬,৫০০/-
		ডুনবীর-২৩	৪৩২, ৪৩৯		
০৬	আলীয়া ছড়া	রাজপাড়া-৩১	২১১৫, ১০৭৭, ১১৮৭, ১২৩৬, ১২১৩, ১১৩৭	২.৫৫	৩,৩৮,৮০০/-
০৭	মুড়াছড়া	দক্ষিণ পাচাউন-১৪	১২৩২, ১২৬২, ১৪১১, ২৩৫১	২.০৮	৪৫,৫৪০/-
০৮	বলম ছড়া	যাত্রাপাশা-১১	১৩৪২, ১৩৬৪, ১৩৭৮, ১৪১০, ১৪৫১	১.৬৬	২৫,৬৩০/-
		দক্ষিণ পাচাউন-১৪	২০৩১, ২০৫৯		
০৯	ডুরডুরিয়া ছড়া	ডুরডুরিছড়া-৬৬	১০৮, ১১৮, ৫০২	১২.৩৫	১৮,৪৮,০০০/-
		রুপশপুর-৬৭	৯২১, ১১৫১, ১৩০৫		
		সুনগইড়-৬৮	১, ৯৩, ৯৪, ২৬৪, ২৮০, ২৮১, ৮৪২		
		বালিশিরা পাহাড়-৭০	২১৩		
১০	জৈনকা ছড়া	ভাড়াউড়া-৬৪	১৩৩০, ২০২৯	২.৫৫	২,১৬,০৯০/-
১১	খাই ছড়া	ভাড়াউড়া-৬৪	৬৪৭, ১৬৫৮, ১৭৩০	৫.৪৪	৯৯,২২৫/-
		ইছবপুর-৬৩	৩৯৯, ৭০৮, ১৪৭৪		
১২	জাগ ছড়া (পশ্চিম অংশ)	নোয়াগাঁও-৬২	২৩৬৮, ২২৫৫, ২২৮৭, ৭২৮	৮.৮৩	২৩,০০০/-
		ইছবপুর-৬৩	৩৮, ৯০, ৬২১, ৩০১, ৯৮৭, ৩৯, ১৭৯		
১৩	শাওন ছড়া	কালাপুর-৫৬	১৩৯, ১৯৬৩	৩.০০	৯,২৬,৬২৫/-
		ভাগলপুর-৫৪	১৮৭, ৩৩১, ৫৩৭, ৭৮০		
১৪	সুমই ছড়া	সিরাজনগর-৫৯	১৯৪৯, ১৩০১, ১৩০৫, ১৩৬৩	২.২০	৩,১৬,৬৪৬/-
		লামুয়া-৫৭	৩৩৫৩, ৪৪৬৬		
১৫	বিলাস ছড়া	আসিদ্দোন-৪০	২৩৬১	১.৪০	৯,২৪,০০০/-
		শঙ্কর সেনা-৭৩	৩৫৮৫		
১৬	ফুলছড়া	আশিদ্দোন-৪০	২৫৮৫/২৫৭১	০.৪৭	১,০১,২০০/-
১৭	লাংলিয়া ছড়া	লাংলিয়াছড়া-৯৯	৬২৫	২.৮০	৭,২৬,০০০/-
১৮	নলুয়া ছড়া	খোয়াজপুর-৮৮	১৩৮	২.৩৭	৩৬,৩৮৩/-
		দুর্গানগর-৭৭	১৪৪, ১৪৬, ৩৬৭, ৩৬১, ৩৯০		
১৯	পুটিয়া ছড়া	সাইটুলা-৮৩	১০০৩	১.৮৮	৩৮,১১৫/-
২০	ডিংডিংগা ছড়া	সাইটুলা-৮৩	৪৭০	১.৪৭	২,৯৫,০০০/-
২১	হগলিয়া ছড়া	হগলিয়া ছড়া চা বাগান - ৯৩	১৭৩৬	৫.২৫	২৩,১০০/-
২২	উদনা ছড়া	হগলিয়া-৯৪	২০৮	১.০৫	১০,৬৮,০০০/-
২৩	জাগছড়া (পূর্বাংশ)	নোয়াগাঁও-৬২	২৮১১	২.৬২	৪৮,০০০/-
		ইছবপুর-৬৩	৯৯৭, ১০৭৭		
২৪	নারায়ন ছড়া	মাইজদিহি-৫০	১১৪৪, ১১৬০	০.২২	৪৮,০০০/-
২৫	গাঙ্গীছড়া	গাঙ্গীছড়া-৭৬	১	২.৬০	৪৬,২০০/-

২৬	আমরাইল ছড়া	আমরাইল ছড়া চা বাগান- ৮৯	৪৫, ৭৫	৪.০৮	২,০৫,০০০/-
২৭	মাকরি ছড়া, শুয়ারী ছড়া পাত্রীয়া ছড়া (আলিয়াছড়া গুপ)	রাজপাড়া-৩১	৬৩১, ৬৯০, ৭৮৫, ৭৬০	২.১৪	২৩,০০০/-
		পাত্রীকুল-৩০	৩৫৬, ৫৭৩, ৬৬৪		
		রাজপাড়া-৩১	৫৭১, ৫৪৬, ৩৫৪, ৬০১, ৩৭১	০.৬৯	
		পাত্রীকুল-৩০	৬৮, ৯৬, ১৩০, ১৩৪, ১৮৫ (১৪৫/৮৪৪)	৩.৮৭	
২৮	বৌলা ছড়া	বৌলা ছড়া-১৫	৭৭৩, ৭৭৫, ৮০৮	১.২১	২,৪৭,০০০/-
		গর্দ্বপুর-১৭	২৬২৪, ২৬২১, ১		
২৯	কালি ছড়া	দক্ষিণ পাচাউন-১৪	৮৮৬, ৯৩২, ৯৬৫, ৬০২, ১০০১	১.৪৫	৯২,৪০০/-

উপজেলা: কমলগঞ্জ

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
৩০	লংগু ছড়া	মাধবপুর-৮৩	(২৫০১/৩৯১৬), ২৫০১	২.১৫	১,৬৫,০০০/-
		কুমড়াকাপন-৭৯	৭৮১৫, ৫৩৮৩		
৩১	ধামলিয়া ছড়া	দক্ষিণের পাহাড়-৪৩	১২৭৪, ১৪৮৩	২.২৭	২,৯০,০০০/-
৩২	লাগাটা ছড়া/কালিছড়া	গোবিন্দপুর-৭০	১২০৬, ১২৩৯	১.০৮	১,২০,০০০/-
৩৩	ঝপলা ছড়া	মাধবপুর-৮৩	৬২৭২	১.৭০	২,৭৭,২০০/-
		হিরামতি-৯৬	৫৮০		
৩৪	দেওড়া ছড়া	শমসেরনগর চা বাগান-৪০	২৫৪, ২৯২, ৬৬৯, ৬৮৭, ৩৫৬৭, ৫০০৫	৭.০১	২,৫০,০০০/-
৩৫	সুনছড়া	শ্রীনাথপুর-৭৪	৫১৭০	৫.৩০	৫,৭৭,৫০০/-
		তিলকপুর-৮৬	২২২		
		রামেশ্বরপুর-৮৫	৫২২		
৩৬	জালিয়া ছড়া	রামপাশা-৬৮	২১০	০.৯৬	৯৭,৫০০/-
		বাদেউবাহাটা-৬০	৮০৫, ৮৮৯		

উপজেলা: কুলাউড়া

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
৩৭	বড়ছড়া	জিন্নানগর-১৫	৪৫১৭	০.৭৪	২,৭০,০০০/-
৩৮	বুবা ছড়া	বাবুরপুল-১৭	৫১৩, ৭০২, ৭৫৫	৫.৪৪	২,৪৮,০০০/-
		কলিমাবাদ-১২	৩০৫, ৩১৪		
৩৯	দেওছড়া	কেওলাকান্দি পারই- ১৩৬/১২৬	১৩৪০, ১৩০১, ১৩৫১, ১৩৮১/৩৬৯৫	৪.৮০	১,০৫,০০০/-
৪০	ঘাগড়া ছড়া	মাইজগাঁও-১০	১৫৮, ২০৮	২.৯০	৫০,০০০/-
		শ্রীপুর-৮	৭২৭, ৭৫৩, ৭৭৩, ৭৯৪, ৩০৮, ৩০৯, ৭০৪		


উপজেলা: বড়লেখা

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
৪১	ষাটমা ও রাত্তি ছড়া	গ্রামতলা-৬৪	১৮৫০, ৩৪৯৩, ৩৩০১, ২৪৬৯, ২৪৮৫, ২৫৪৯, ২৫৮৮, ২৭৬২, ২৭৪৭, ৩৬৫৫	৭.৪৭	২,০৮,০০০/-
		আদিতেরে মহাল-৭৪	৩২৯৮, (৩৩০৮/৫৪৮৭)		
৪২	সুনাই নদী	মহারানী-১৬	১, ১৯৫, ২৬৮	৬৯.৮০	৫,৭৭,৫০০/-
		ওয়াহিদপুর-১৮	১, ৩০৪, ৩০৫, ৩০৬, ৩০৭		
		ইটাউরী-৩৮	১, ১৪০৪, ২২০১, ১৪০৩		
		আতুয়া-৪৮	১, ৮৮, ৮৬৪, ৯৯২		
৪৩	জলংগা ছড়া	কুমারসাইল-৫২	৫৪৩, ৫৩৭, ৭৯৫, ৭০৮	২৮.০০	২৬,২০০/-
		ভূগা-৫১	১৩৩, ১৪৫, ১১০, ১০৯		
		সায়পুর-৬৩	১৬৮, ১৬৯, ১৪৭		
		সান্দপুর-৫০	২৩৬, ২৪৩, ৩০৪, ২৫০		
		কদমপুর-৪৬	১৩৯, ১৪০, ১৪৭, ৩২১, ৩১৩, ৩১১, ৩৪২, ৩৪৫, ৩৬৩, ৩৮৪		
৪৪	দেওছড়া	সুজাউল-৩৩	৫৪৫৮, ৫৫২৩, ৫২৬২, ৫৫৯৬, (৫৭২০/৫৭৫৭)	৩.৭৫	১,৮৫,০০০/-

উপজেলা: রাজনগর

ক্র:নং	কোয়ারির নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	মোট আয়তন (একরে)	সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)
৪৫	জামিরা ছড়া	গয়াসপুর-৩৪	২৮, ৪৯৬, ৬৪৯, ৬৫২, ৬৯২, ৭০০, ৪০১	২.৩৩	১,৮৪,৮০০/-

		চান্দভাগ-৩৩	৩৩৭৯, ৩৪৫০		
৪৬	মারুয়া ছড়া	লালাপুর-২২	২৪৭, ২৭৫, ৪৪৭, ৮৯৩	৮.৭৬	৭,৮৫,৪০০/-
		নিজগাঁও-২০	২৮০৮, ৩২৩২, (৩২৩২/৩৬৩৬), ৩২৯৭		
৪৭	হার ছড়া	দক্ষিণভাগ-৩৫	১৯০১, ২০২৮, ২২১৮, ২২৩৯, ২৩১৮, ২৮৫৫	৪.৪২	৮৮,০০০/-
৪৮	ধামাইছড়া	চাঁদভাগ-৩৩	৫৮১৭, ৫৮১৮, ৫৮৭৮, ৫৭৭৪, ৫৭৫০, ৫৭৭৯, ৫৭৮০, ৫৭৯৬, ৫৭৯৭, ৫৭৬৪, ৩৪০৬, ৩৩৮৩, ৩৩৪১, ৫৭১৭, ৫৭৭৫, ৫৭৬৮, ৩২৭৬	৬.২৩	২২,১৫,০০০/-
		বড়দল-২৮	৫৮৬, ৭২০		
৪৯	পুরানলি ছড়া	ব্রাহ্মণগাঁও-৬১	১৮৯, ২১০, ২০৯, ২১১, ৬৫৪, ৬৬২, ৬৭৪, ২৭৬	০.৭৪	৫৭,০০০/-
৫০	কালামোয়াছড়া	মুকুটপুর-২৯	৬১, ১৩০, ১৪৩, ৩১৫, ৩১৯, ৪০৮, ৪২১	৫.০৬	১৩,৮০,০০০/-
		উত্তরভাগ-৩২	৩৫৩৫, ৩৭১০, ৭৪২৬, ৭৪৩৩		

  
(মীর নাহিদ আহসান)

জেলা প্রশাসক

ও

সভাপতি

সিলিকা বালু কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটি  
মৌলভীবাজার।

ফোন নং-০৮৬১-৬৩২০২

ই-মেইলঃ [dcmoulvibazar@mopa.gov.bd](mailto:dcmoulvibazar@mopa.gov.bd).

স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০০৯.৩৬.০০১.২০২০-৮ ৬০

তারিখ : ১২ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি :** সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
- ২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

**অনুলিপি :** সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, বিআইডিউটিএ, ঢাকা
- ২। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূতত্ত্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট
- ৫। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ
- ৬। পুলিশ সুপার, মৌলভীবাজার
- ৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার
- ৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, মৌলভীবাজার
- ৯। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বিভাগ, সিলেট
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/কুলাউড়া/বড়লেখা/জুড়ী
- ১১। মেয়র, মৌলভীবাজার সদর/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/কুলাউড়া/বড়লেখা
- ১২। সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/কমলগঞ্জ/শ্রীমঙ্গল/কুলাউড়া/বড়লেখা/জুড়ী
- ১৩। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার।
- ১৪। জেলা তথ্য অফিসার, তাঁকে মাইকযোগে জেলার গুরুত্বপূর্ণ স্থানে ও হাটবাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


১৫। বিজ্ঞ সরকারী কৌশলী, মৌলভীবাজার

১৪। সম্পাদক..... ঢাকা/স্থানীয় প্রতিনিধি.....মৌলভীবাজার।

উক্ত বিজ্ঞাপনটি আগামী /০১/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ৪ কলাম.....আকারে আপনার পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক)টি সংখ্যায় জরুরী ভিত্তিতে প্রকাশ করে সৌজন্য কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....উপজেলা.....

১৬। অফিস কপি

  
(মল্লিকা দে)

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

ও

সদস্য সচিব

সিলিকা বালু কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটি  
মৌলভীবাজার।